

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৬৫

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবন্দীদের বিধিমালা

بَابُ حُكْمِ الْأُسَرَاءِ

আরবী

وَعَن جُبَير بن مطعم أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي أُسَارَى بَدْرٍ: «لَوْ كَانَ المُطْعِمُ بْنُ عَدِيٍّ حَيًّا ثُمَّ كَلَّمَنِي فِي هَوُّلَاءِ النَّتْنَى لتركتهم لَهُ» . رَوَاهُ البُخَارِيِّ المُطْعِمُ بْنُ عَدِيٍّ حَيًّا ثُمَّ كَلَّمَنِي فِي هَوُّلَاءِ النَّتْنَى لتركتهم لَهُ» . رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

৩৯৬৫-[৬] জুবায়র ইবনু মুত্ব'ইম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বদর যুদ্ধে বন্দীদের ব্যাপারে বলেছেন, আজ যদি মুত্ব'ইম ইবনু 'আদী জীবিত থাকত এবং এ সমস্ত দুর্গন্ধময় লোকেদের ব্যাপারে আমার কাছে সুপারিশ করতেন, তাহলে আমি তার সুবাদে তাদেরকে ছেড়ে দিতাম। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩১৩৯, আবৃ দাউদ ২৬৮৯, আহমাদ ১৬৭৩৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فِيْ هُوُّلُاءِ النَّتْنَى) "এ সকল দুর্গন্ধময় লোকেদের ব্যাপারে"। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ কাফিরদেরকে দুর্গন্ধময় বলে সাব্যস্ত করেছেন। এটা মূলত তাদের অপবিত্র থাকার কারণে, যা তাদের কুফরী থেকে অর্জিত।

(الَّذَرُكُنُّهُمْ) অর্থাৎ- "অবশ্যই তার কারণে তাদেরকে ছেড়ে দিতাম"। কাষী বলেনঃ সে হলো মুত্ব'ইম বিন 'আদী বিন নাওফাল বিন 'আব্দ মানাফ, আল্লাহর রসূলের দাদার চাচাতো ভাই। আল্লাহর রসূলের প্রতি তার সমর্থন ও সহযোগিতা ছিল। কেননা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ত্বায়িফ থেকে প্রত্যাবর্তন করেছিলেন তখন তার কাছে আশ্রয় নিয়েছিলেন এবং সে তাঁর থেকে মুশরিকদের তাড়িয়ে দিয়েছিল। তাই তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন যে, মুত্ব'ইম বিন 'আদী যদি জীবিত থাকত, তাহলে ঐ ব্যাপারে সুপারিশের ক্ষেত্রে



মুত্ব'ইম যথেষ্ট হত। আরও সম্ভাবনা রাখছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাধ্যমে মুত্ব'ইম-এর ছেলে জুবায়র-এর অন্তরের স্বাচ্ছন্দ্যতা ও ইসলামে তার ভালোবাসা উদ্দেশ্য করেছেন। অত্র হাদীসে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অবস্থার বড়ত্ব বর্ণনা ও এ সকল কাফিরদের অবস্থার তুচ্ছতা বর্ণনা সম্পর্কে উপস্থাপন করা হয়েছে এমনভাবে যে, তাঁর প্রতি মুশরিকের সহযোগিতা থাকা সত্ত্বেও তাদেরকে কোনো ব্যাপারে ছাড় দিতে পরোয়া করেন না।

একমতে বলা হয়েছে, অত্র হাদীসে উত্তম প্রতিদানের বর্ণনা এবং কৌশল ধার্য করার বৈধতা রয়েছে। ইবনুল হুমাম বলেনঃ অত্র হাদীস দ্বারা ইমাম শাফি'ঈ-এর মাযহাব অনুযায়ী অনুগ্রহ করা বৈধ হওয়ার উপর প্রমাণ গ্রহণ করা হয়েছে যা অন্যান্য ইমামদের মতের বিপরীত।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, মুত্ব'ইম বিন 'আদী যদি তাঁর কাছে কাফির বন্দীদের ব্যাপারে আবেদন করত, নিঃসন্দেহে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদেরকে মুক্তি দান করতেন। এ কথাটি উহ্য অবস্থার উপর প্রয়োগ করা থেকে যুদ্ধবন্দী কাফিরদের প্রতি অনুগ্রহ প্রদর্শন করা শারী আতসম্মতভাবে বৈধ প্রমাণিত হচ্ছে। যার সাথে তাকে সম্পর্কিত করা হয়েছে তা সংঘটিত না হওয়ার কারণে শারী আতসম্মতভাবে তা সংঘটিত হওয়ার বৈধতাকে অস্বীকার করছে না, আর এটাই এখানে উদ্দেশ্য। (ফাতহুল বারী ৬ঠ খন্ড, হাঃ ৩১৩৯)

খত্ত্বাবী বলেনঃ অত্র হাদীসে কোনো মুক্তিপণ ছাড়া বন্দীকে ছেড়ে দেয়া এবং তার ওপর অনুগ্রহ করার প্রমাণ আছে। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৬৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন